



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-৭৭/২০২১

তারিখ, চট্টগ্রামঃ ০৬ মার্চ, ২০২১ ইংরেজী।

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী সকল বেসরকারী প্রতিষ্ঠান ও অন্যান্য বন্দর ব্যবহারকারীগণের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত নিয়মিত ব্যবহারকারীর অস্থায়ী এন্ট্রি পাশের মেয়াদ বর্ধিত করণের ক্ষেত্রে পুলিশী প্রতিপাদন ফর্ম পূরণপূর্বক স্থায়ী পাশ শাখায় জমা প্রদানের ভিত্তিতে পাশ ইস্যু করণ প্রসংগে।

সূত্রঃ

ক। KPI (Key Point Installation) নীতিমালা-২০১৩ (Clause- 4.4)।

১। চট্টগ্রাম বন্দর একটি প্রথম 'ক' শ্রেণীর KPI বিধায় KPI Instruction নীতিমালা-২০১৩ অনুসরণে অত্র বন্দরের নিরাপত্তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফলে বন্দরের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে নিয়মিত বন্দর ব্যবহারকারীগণের পুলিশী প্রতিপাদন ফর্মের আবশ্যিকতা রয়েছে।

২। এমতাবস্থায়, চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী সকল বেসরকারী প্রতিষ্ঠান ও অন্যান্য বন্দর ব্যবহারকারীগণের অবগতির নিমিত্তে জানানো যাচ্ছে যে, চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত নিয়মিত ব্যবহারকারীর অস্থায়ী এন্ট্রি পাশের মেয়াদ বর্ধিত করণের ক্ষেত্রে স্থায়ী পুলিশী প্রতিপাদন ফর্ম পূরণ শেষে স্থায়ী পাশ শাখায় জমা প্রদানের ভিত্তিতে পাশ ইস্যুর পদক্ষেপ নেয়া হচ্ছে। তৎপ্রেক্ষিতে নিরাপত্তা বিভাগের লাইসেন্স শাখা হতে পুলিশী প্রতিপাদন ফর্ম সংগ্রহপূর্বক তা পূরণ করে আগামী ১০/০৪/২০২১ ইং তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় জমা প্রদানের অনুরোধ করা হলো। উল্লেখ থাকে যে, অদূর ভবিষ্যতে পুলিশী প্রতিপাদন রিপোর্ট ব্যতিরেকে নিয়মিত ব্যবহারকারীর অনুকূলে অস্থায়ী এন্ট্রি পাশ ইস্যু করা হবে না। তবে উক্ত নির্দেশনা ডিজিটর/অনিয়মিত ব্যবহারকারী পাশের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

৩। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ- ০৬/০৩/২০২১ ইং।

নং- ১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭.১৬/ ৪০৪

অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য।
- ৩। সকল বিভাগীয় প্রধান/সকল উপ-বিভাগীয় প্রধান, চবক।

কার্যঃ

অভ্যন্তরীণঃ

- ১। সিস্টেম এনালিষ্ট, চবক (বহুল প্রচারের নিমিত্তে চবক এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
- ২। সকল নিরাপত্তা কর্মকর্তা, চবক।
- ৩। সকল নিরাপত্তা পরিদর্শক নিরাপত্তা বিভাগ/চবক।
- ৪। অপারেশন ইনচার্জ ও ইনচার্জ (পাশ শাখা) নিরাপত্তা বিভাগ/চবক।